

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭০৮

আগরতলা, ৫ নভেম্বর, ২০২৪

রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে সুপ্রিয়ার
হৃদযন্ত্রে বিনামূল্যে সফল অস্ত্রোপচার

রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের (আরবিএসকে) মেডিকেল টিমের উদ্যোগে হৃদযন্ত্রের সম্পূর্ণ বিনামূল্যে সফল অস্ত্রোপচারে সুপ্রিয়া সিনহা নামের ৩ বছর ৯ মাস বয়সি এক শিশু কন্যা জীবন ফিরে পেয়েছে। ধলাই জেলার সালেমা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত জামথুম এডিসি ভিলেজ এলাকার চিনি সিং পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সালেমা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিকেল টিম স্ক্রিনিং কর্মসূচিতে গিয়ে এক শিশুর জন্মগত হৃদযন্ত্রে সমস্যা রয়েছে বলে অনুমান করেন। তখন রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিকেল টিম গত ৪ জুলাই, ২০২৪ শিশুটির এই জন্মগত সমস্যার চিকিৎসার বিষয়ে উদ্যোগ গ্রহণ করে এবং শিশুটির অভিভাবককে বিনামূল্যে হৃদযন্ত্রের উন্নত চিকিৎসার জন্য পরামর্শ দেন। শিশুটির অভিভাবকগণ তখন রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিকেল টিমের পরামর্শে শিশুটিকে আগরতলা আইজিএম হাসপাতালে পরীক্ষার জন্য নিয়ে যান এবং শিশুটির সম্পূর্ণ বিনামূল্যে ইকোকার্ডিওগ্রাফি পরীক্ষা করেন। এই পরীক্ষার মাধ্যমেই শিশুটির জন্মগত হৃদরোগ শনাক্ত হয়। চিকিৎসকগণ হৃদযন্ত্রের উন্নত চিকিৎসার জন্য শিশুটিকে বিনামূল্যে চেন্নাইয়ে অ্যাপোলো চিলড্রেন হাসপাতালে নিয়ে যাওয়ার পরামর্শ দেন। তখন সালেমা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের টিম-এর তরফে গত ১০ সেপ্টেম্বর, ২০২৪ শিশুটিকে চেন্নাই অ্যাপোলো চিলড্রেন হাসপাতালে পাঠানো হয়। এরপর গত ১৩ সেপ্টেম্বর, ২০২৪ শিশুটিকে চেন্নাই অ্যাপোলো চিলড্রেন হাসপাতালে হৃদযন্ত্রের অস্ত্রোপচার করানোর জন্য ভর্তি করা হয়। গত ১৪ সেপ্টেম্বর হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসকদের তত্ত্বাবধানে শিশুটির সফলভাবে হৃদযন্ত্রের অস্ত্রোপচার করা হয়। অস্ত্রোপচারের পর গত ২১ সেপ্টেম্বর, ২০২৪ শিশুটিকে হাসপাতাল থেকে ছুটি দেওয়া হয় এবং শিশুটিকে নিয়ে তার অভিভাবকরা রাজ্যে ফিরে আসেন। রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের তত্ত্বাবধানে সম্পূর্ণ বিনামূল্যে শিশুটির অস্ত্রোপচারের সুযোগ করে দেওয়ায় সালেমা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসক সহ মেডিকেল টিমের সকল সদস্যদেরকে শিশুটির পিতা মাতা ও অভিভাবকরা ধন্যবাদ জানান ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধ দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
